দৈনিক ইত্তেফাক

17 JAN 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# শ্রীপুরে ছাত্রীদের অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন

## মাদ্রাসা সুপারের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

■ শ্রীপুর (গাজীপুর) সংবাদদাতা

শ্রীপুরে মাদ্রাসা সুপার নূরুল ইসলাম মৃধার বিরুদ্ধে এক ছাত্রীকে যৌন হয়রানির লিখিত অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় মাদ্রাসার অন্য ছাত্রীরা সোমবার সকালে বিক্ষোভ করে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করেছে। এ ব্যাপারে ভিকটিম নিজে বাদী হয়ে শ্রীপুর উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেছে।

উপজেলার বরমী ইউনিয়নের গাড়ারন গ্রামের সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার ১০ম শ্রেণির ছাত্রীকে সুপার নূরুল ইসলাম মৃধা প্রকাশ্যে ও মোবাইলে অনৈতিক কর্মকাণ্ডের প্রস্তাব দেন। প্রস্তাবে রাজি না হলে তাকে মাদ্রাসা থেকে বের করে দেবে বলে হুমকি দেয়। এ বিষয়ে ওই ছাত্রীসহ প্রতিষ্ঠানের সকল ছাত্রী মাদ্রাসার সভাপতি রফিকুল ইসলাম ঢালীর কাছে সুপারের বিচার দাবিতে লিখিত অভিযোগ দেয়; কিন্তু মাদ্রাসা সুপার সভাপতির আত্মীয় হওয়ায় তার বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে উল্টো এসব বিষয়ে জানাজানি করলে তাকে বহিষ্কারের হুমকি দেন। বিচার না পেয়ে ওই ছাত্রীর মা অন্য শিক্ষকদের বিষয়টি জানান। বিষয়টি জানাজানি হলে সকল ছাত্রী বিক্ষুব্ধ হয়ে ওঠে।

এদিকে অভিযুক্ত সুপার নূরুল ইসলাম মৃধা জানান, মাদ্রাসায় নিয়োগ পাওয়ার পর থেকেই একটি মহল আমাকে দায়িত্ব ছেড়ে দেয়ার জন্য চাপ দিয়ে আসছে। তাদের উস্কানিতেই এমন ঘটনা সাজানো হয়েছে।

সভাপতি রফিকুল ইসলাম ঢালী তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে বলেন, ঘটনাটি সম্পূর্ণ সাজানো ও ষড়যন্ত্রমূলক। মাদ্রাসার ভাবমূর্তি নষ্ট করার জন্য কতিপয় লোক এ ধরনের ঘটনা সাজিয়েছে।